



বিষয় : অপ্রয়োজনীয় ও ক্ষতিকর সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধকরণ

আসসালামু আলাইকুম।

সম্মানিত অভিভাবক, আশা করি পরম করুণাময়ের অশেষ অনুগ্রহে ভালো আছেন।

ইতোমধ্যে আপনারা অনলাইন ক্লাস পরিচালনার বিষয়টি অবগত হয়েছেন এবং সে অনুযায়ী সন্তানের পাঠদান পর্যবেক্ষণ করছেন। সময়ের দাবিতে আমরা অনলাইন লাইভ ক্লাস শুরু করেছি এবং এ কার্যক্রম যেন ফলপ্রসূ হয় তা স্কুল প্রশাসন বিশেষ ভাবে লক্ষ রাখছে। এরই মধ্যে স্কুলের কাছে কিছু রিপোর্ট এসেছে যে, অনেক শিক্ষার্থী তাদের সময়গুলোকে ক্ষতিকর বিষয়ের সাথে সম্পৃক্ত করছে। যেমন- তথাকথিত সামাজিক যোগাযোগ মাধ্যম ভাইবারে বিভিন্ন গ্রুপ খুলে নিজেদের মধ্যে গল্প, আড্ডা এবং বয়স অনুপযোগী ও রুচিহীন আলাপ, এসএমএস, চ্যাটিং ইত্যাদি। বিষয়গুলো অতি দ্রুত নিরসনের জন্যে অভিভাবকদের পদক্ষেপ নিতে স্কুল আকুল আবেদন জানাচ্ছে।

➤ সম্মানিত অভিভাবক,

যদি এমন হয় যে, তথাকথিত সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন- ভাইবার, হোয়াটস অ্যাপ ইত্যাদি ইনস্টল করা হয়েছিল শুধু অনলাইন পড়ালেখায় সহযোগিতা পাওয়ার জন্যে, তবে তা এখন পুরোপুরি un-install করে দিতে পারেন কারণ কসমো স্কুলের অনলাইন পড়ালেখায় এ মাধ্যমগুলো আর প্রয়োজন হচ্ছে না। আর ব্যক্তিগত প্রয়োজনে রাখতে হলেও গ্রুপগুলো থেকে বেরিয়ে আসুন।

➤ লাইভ ক্লাস একটা নির্দিষ্ট সময় পর্যন্ত রুটিন অনুযায়ী হচ্ছে তাই রুটিনের বাইরে শিক্ষার্থীদের অনলাইনে থাকার প্রয়োজন নেই।

➤ বর্তমান অবস্থার প্রেক্ষিতে সন্তানকে একটি ইলেকট্রনিক ডিভাইস দিতে বাধ্য হলেও প্রয়োজনের বাইরে এর ব্যবহার এবং ব্যবহারের সময়ের দিকে খেয়াল রাখা অতি জরুরী।

পরম করুণাময় আমাদের ভার্চুয়াল ভাইরাস থেকে মুক্ত রাখুন-

ধন্যবাদান্তে,

অধ্যক্ষ

কসমো স্কুল